

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ৬, ২০১৭

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

মানব সম্পদ শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/১১ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

নং ১১.০০.০০০০.৮০৩.০৬.০১৮.১৭-৪৭৪—জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ৮নং আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে সংসদ সচিবালয় কমিশনের সহিত মাননীয় স্পীকারের পরামর্শক্রমে, সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ (২০১২ সালের মে পর্যন্ত সংশোধিত) এর তফসিলের ক্রমিক ১৩২ ও ১৩৯ এর বিপরীতে বিদ্যমান এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপনপূর্বক উক্ত বিধিমালা সংশোধন করা হলো:

তফসিলের ক্রমিক নং	পদের নাম	পদের গ্রেড	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়ঃসীমা	নিয়োগ পদ্ধতি	নিয়োগ যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১৩২.	অভ্যর্থনাকারী	১৬	৩০	৫০% জাতীয় সংসদ সচিবালয়ের চেম্বার রেকর্ড সাপ্লাইয়ার, ক্যাশ সরকার, অফিস সহায়ক, কামরা পরিচারক/পরিচারিকা, অফিস সহায়ক-কাম চাবিরক্ষক, অফিস সহায়ক-কাম পরিচ্ছন্নতা কর্মী, নিরাপত্তা প্রহরী এবং পরিচ্ছন্নতা কর্মীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে: (১) চেম্বার রেকর্ড সাপ্লাইয়ার/ ক্যাশ সরকার হিসেবে অন্যান্য ৩ বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যান্য এসএসসি/ সমমান পাস; অথবা (২) অফিস সহায়ক/কামরা পরিচারক/পরিচারিকা/অফিস সহায়ক-কাম চাবিরক্ষক/

(৮৪৩৯)

মূল্য : টাকা ৪.০০

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
				৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	অফিস সহায়ক-কাম পরিচ্ছন্নতা কর্মী/নিরাপত্তা প্রহরী অথবা পরিচ্ছন্নতা কর্মী হিসেবে ৮ বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অনূন এসএসসি/সমমান পাস। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অনূন এইচএসসি পাস।
১৩৯.	পিপিসি অপারেটর	১৬	-	জাতীয় সংসদ সচিবালয়ের ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, চেম্বার রেকর্ড সাপ্লাইয়ার, দপ্তরী, অফিস সহায়ক, কামরা পরিচারক/পরিচারিকা, অফিস সহায়ক-কাম পরিচ্ছন্নতা কর্মী, নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্নতা কর্মীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে: (১) পিপিসি মেশিন চালানো সম্পর্কে বাস্তব অভিজ্ঞতাসহ ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, চেম্বার রেকর্ড সাপ্লাইয়ার অথবা দপ্তরী হিসেবে অনূন ৩ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (২) অফিস সহায়ক/কামরা পরিচারক/পরিচারিকা/অফিস সহায়ক-কাম পরিচ্ছন্নতা কর্মী/নিরাপত্তা প্রহরী/পরিচ্ছন্নতা কর্মী হিসেবে অনূন ৭ বৎসরের অভিজ্ঞতা।

ফারজানা সিদ্দিকা
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd